হল।

## ❑ ৫.২. পরিচিতিমূলক জ্ঞান (Knowledge by Acquaintance) :

**'কোন বিষয়কে যখন আমরা, অনুমান প্রক্রিয়া অথবা সত্যজ্ঞানের মাধ্যম ছাড়া, সরাসরি বা সাক্ষাৎভাব জানি তখনই সেই বিষয়জ্ঞানকে 'পরিচিতিমূলকজ্ঞান বলা হয়'।**[১] রাসেলের মতে, 'পরিচিতিমূলক বিষয়জ্ঞান যে কোন সত্যজ্ঞান (knowledge of truth) অপেক্ষা সহজতর এবং যুক্তিযুক্তভাবে স্বনির্ভর।'[২] তবে, রাসেল একথাও বলেন, এমন অনুমান করাও ঠিক হবে না যে, সত্যজ্ঞান ছাড়াই মানুষ পরিচিতিমূলক জ্ঞান লাভ করতে পারে ; অর্থাৎ এমন মনে করা সঙ্গত নয় যে, পরিচিতিমূলক কোন জ্ঞানের ক্ষেত্রেই সত্যজ্ঞানে প্রয়োজন হয় না। একটি দৃষ্টান্ত দিয়ে বিষয়টি বোঝানো গেল—

আমার সামনের টেবিলটির দিকে তাকালে বা সেটিকে স্পর্শ করলে আমি কতকগুলি ইন্দ্রিয়-উপাত্তের সঙ্গে রঙ, আকৃতি, কাঠিন্য, মসৃণতা ইত্যাদি ইন্দ্রিয়-উপাত্তের সঙ্গে—পরিচিত হই, এবং এই সব ইন্দ্রিয়-উপাত্তের দ্বারাই টেবিলের প্রতিভাস বা অবভাস (appearance) গঠিত হয়। টেবিলটিকে যখন দেখি বা স্পর্শ করি তখন এইসব ইন্দ্রিয়-উপাত্ত সম্পর্কেই আমি

---

১. 'We have **acquaintance** with anything of which we are directly aware, without the intermediary of any process of inference or any knowledge of truths.' Ibid. P. 25.

২. 'Knowledge by acquaintance is essentially simpler than any knowledge of truths, and logically independent of knowledge of truths' Ibid.

তৎক্ষণাৎ সচেতন হই। রঙটির যে বিশেষ আভা বা মাত্রাকে (shade) আমি দেখতে পাই তার সম্পর্কে অনেক কথাই (বাক্য বা বচন) বলা চলে ; যেমন, বলা চলে 'রঙটি বাদামী', অথবা 'রঙটি হাল্কা বাদামী', অথবা 'রঙটি গাঢ় বাদামী', ইত্যাদি। এসব বচনের মাধ্যমে রঙটি সম্পর্কে কিছু তথ্য—যা সত্য হতে পারে, আবার মিথ্যাও হতে পারে—জানা গেলেও অপরোক্ষ সাক্ষাৎ পরিচয়ের মাধ্যমে রঙটিকে যেমন পরিপূর্ণ ভাবে জানা যায় সত্যতা সংক্রান্ত বাচনিকজ্ঞানের মাধ্যমে বা অন্য কোন তত্ত্বগত পদ্ধতিতে তা সম্ভব হয় না। সাক্ষাৎ পরিচিতির বিষয়টিকে 'লাল', 'বাদামী' ইত্যাদিরূপে অনুভবই যথার্থ অনুভব, কিন্তু ঐ অনুভব-শব্দের বচনে প্রকাশ ক'রে যদি বলা হয় 'রঙটি হয় লাল' তাহলে তা সত্য না হয়ে মিথ্যাও হতে পারে। এমন হতে পারে যে, রঙটি লাল নয়, গোলাপী—আমার দেখার বা বোঝার ভুলের জন্য আমি রঙটিকে 'লাল' বলেছি ; এমনও হতে পারে যে, আমি ইচ্ছা করেই বাদামী রঙকে 'লাল' বলেছি। কিন্তু আমার অপরোক্ষ অনুভবের বিষয় সম্পর্কে এপ্রকার ভ্রান্তির সম্ভাবনা থাকে না—রঙটি যাই হোক না কেন, সাক্ষাৎ পরিচিতির মাধ্যমে আমার যে লাল রঙের অথবা বাদামী রঙের সংবেদন হয়েছে, এবিষয়ে কোন সন্দেহের অবকাশ থাকে না। তাহলে, এমন সিদ্ধান্তই করতে হয় যে, যে সব ইন্দ্রিয়-উপাত্তের দ্বারা টেবিলের প্রতিভাস গঠিত হয়, সেইসব ইন্দ্রিয়-উপাত্তের সঙ্গে আমরা সরাসরি পরিচিত হতে পারি, এবং 'পরিচিতির বিষয়টি ঠিক যেমন, সেভাবেই আমরা তাকে জানতে পারি ;'[১] কিন্তু ঐ অনুভবকে বাক্যে (বর্ণনার মাধ্যমে) প্রকাশ করলে তা সত্য না হয়ে মিথ্যাও হতে পারে।

**বাস্তবিকপক্ষে, পরিচিতিমূলক জ্ঞানই সকল প্রকার জ্ঞানের মূল—সমস্ত রকমের বিষয়জ্ঞান (knowledge of things) এবং সত্য সংক্রান্ত জ্ঞান (knowledge of truths) পরিচিতিমূলক জ্ঞানের ওপর নির্ভরশীল।** তাহলে জানা প্রয়োজন, পরিচিতিমূলক জ্ঞানের পরিধি, অর্থাৎ কোন্ কোন্ বিষয়ের সঙ্গে আমরা পরিচিত হতে পারি। রাসেলকে অনুসরণ করে বিষয়গুলির উল্লেখ করা হল—

## ❑ ৫.৩. পরিচিতিমূলক জ্ঞানের বিভিন্ন বিষয় (Different things of the